রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ১৯৭৫

## বাণিজ্য ও বহির্বাণিজ্য মন্ত্রণালয়

### বাণিজ্য বিভাগ

### বিজ্ঞপ্তি

**ঢাকা, ১১ই জুন ১৯৭৫।**

নং পি, এস, ডব্লিউ/বাঃ-১(৮)/৭৫—যেহেতু দেশে উৎপাদিত ও আমদানীকৃত দ্রব্যাদির মূল্য নির্ধারণ ও নিয়ন্ত্রণ সম্পর্কীয় বিষয়ে পরামর্শদান করিবার জন্য সরকার বাণিজ্য ও বহির্বাণিজ্য মন্ত্রণালয়ে (বাণিজ্য বিভাগে) নিয়মিত ভিত্তিতে একটি মূল্য উপদেষ্টা বোর্ড গঠন করা সমীচীন মনে করেন, সেইহেতু সরকার নিম্নলিখিত সদস্য লইয়া বাণিজ্য ও বহির্বাণিজ্য মন্ত্রণালয়ে (বাণিজ্য বিভাগে) নিয়মিত ভিত্তিতে একটি মূল্য উপদেষ্টা বোর্ড গঠন করিলেনঃ

(১) সচিব, বাণিজ্য বিভাগ—চেয়ারম্যান (পদাধিকারবলে)।

(২) যুগ্ম-সচিব, প্রেসিডেন্ট সেক্রেটারিয়েট—খন্ডকাল সদস্য।

(৩) যুগ্ম-সচিব, অর্থ মন্ত্রণালয়—খন্ডকাল সদস্য।

(৪) যুগ্ম-সচিব, রাষ্ট্রায়ত্ত শিল্প বিভাগ—খন্ডকাল সদস্য।

(৫) কন্ট্রোলার-জেনারেল অব প্রাইসেস—সদস্য-সচিব।

২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, কর্পোরেশন বা শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিকে তাঁহাদের সম্পর্কিত কোন দ্রব্যের মূল্য বিবেচনার বৈঠকে সংযোজিত (কো-অপট্) সদস্য হিসাবে রাখা হইবে।

৩। আমদানীকৃত ও দেশে উৎপন্ন সকল প্রকার অত্যাবশ্যকীয় পণ্যের এবং রাষ্ট্রায়ত্ত বা প্রাইভেট সেক্টরের শিল্প কর্তৃক একচেটিয়াভাবে উৎপাদিত দ্রব্যের মূল্য সম্পর্কে উক্ত বোর্ড সুপারিশ করিবে। বোর্ড নিয়মিতভাবে রাষ্ট্রায়ত্ত শিল্পের উৎপাদন খরচ ও মূল্য পরীক্ষা করিবে এবং এই



মূল্য : ১২ পয়সা

উদ্দেশ্যে সমস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় সকল তথ্য বোর্ডকে সরবরাহ করিবে। ইহা ছাড়া বোর্ড নিম্নলিখিত দায়িত্বাবলী সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশাদি প্রদান করিবেঃ

(ক) অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্য জাতীয় ভিত্তিতে নির্ণয়করণ;

(খ) আমদানীকৃত ও দেশে উৎপাদিত পণ্য মূল্যের সমন্বয় সাধন;

(গ) মহার্ঘতার কারণে যে-সমস্ত বিলাস বা আধা-বিলাস দ্রব্য অতি উচ্চ মূল্যে বিক্রয় হয় তাহাদের মহার্ঘ মূল্যের (Scarcity Premia) অংশ যাহাতে সরকার পায় সে বিষয়ে অর্থনৈতিক ব্যবস্থাদি নিরূপণ;

(ঘ) সর্বোচ্চ (Optimum) উৎপাদন ক্ষমতার ভিত্তিতে প্রতিনিধি স্থানীয় শিল্পসমূহের উৎপাদন ব্যয় কাঠামো (Cost Structure) নিরূপণ এবং দ্রব্যের একক (Cost Unit) মূল্য নির্ধারণ এবং মূল্য হ্রাসকরণের ও পরিচালন ক্ষমতা উন্নয়ন ও বৃদ্ধির সুযোগ সম্পর্কে সুপারিশকরণ;

(ঙ) উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্য সংক্রান্ত গবেষণা পরিচালন এবং সাধারণ মূল্যনীতি সুপারিশকরণ; এবং

(চ) সরকার প্রদত্ত অথবা নিজেদের গৃহীত কোন বিশেষ পর্যালোচনা (Conduct Study)।

**এম, এল, রহমান**
বাণিজ্য সচিব।

---

দ্রব্য মূল্য স্থিতিকরণ শাখা

**বিজ্ঞপ্তি**

ঢাকা, ৩০শে মে ১৯৭৫।

নং কম/সিজি/পি. এক-১(১১৭)/৭৪—১৯৭০ সালের অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্য ও সরবরাহ আদেশের ৩নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, আমি, এম, আর, দেওয়ান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দ্রব্যমূল্য ও সরবরাহের মহানিয়ন্ত্রক, এতদ্বারা মেসার্স গ্রীনল্যাণ্ড ষ্টোর্স, ১৯, বঙ্গবন্ধু এভিনিও, ঢাকা কর্তৃক আমদানীকৃত জমাট দুধ এর সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য নিম্নরূপ ধার্য্য করিলাম।

(এই বিজ্ঞপ্তি দ্বারা অত্র বিভাগের একই নাম্বারের ১৯শে ফেব্রুয়ারী ১৯৭৫ তারিখের বিজ্ঞপ্তি বাতিল করা হইল):

| পণ্যের বিবরণ। | পরিমাণ। | খুচরা মূল্য। |
|---|---|---|
| পলি জমাট দুধ | ১,৯২৮ টিন প্রতি টিনে ১৩ আঃ। | টাকা ৪.১৬ (টাকা চার ও ষোল পয়সা)। |

এম, আর, দেওয়ান
মহানিয়ন্ত্রক।

## বাংলাদেশ নির্বাচন কমিশন

ফরম ভ

[ ৪৩ নিয়ম দ্রষ্টব্য ]

চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মেম্বার পদে নির্বাচিত প্রার্থীগণের তালিকা।

জিলা ময়মনসিংহ, মহকুমা জামালপুর, থানা মাদারগঞ্জ

| ইউনিয়নের নাম। | ওয়ার্ড নম্বর। | নির্বাচিত প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা। | যে পদে নির্বাচিত হইয়াছেন। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| চর-পাক্কেরদহ। | ১নং ওয়ার্ড | গোলাম রব্বানি, পিতা মৃত আফিলউদ্দিন, সাং তেথরিয়া। | মেম্বার। | |

স্থান— জামালপুর,
তারিখ—৫-৬-১৯৭৫।

মো: আবদুল হাই,
রিটানিং অফিসার।

---

জিলা—বাখরগঞ্জ, মহকুমা—পিরোজপুর, থানা—স্বরূপকাঠী।

| | | | | |
|---|---|---|---|---|
| গুয়ারেখা | | জবেদ আলী, পিতা নেহাজ উদ্দিন, সাং চাদকাঠী। | ভাইস-চেয়ারম্যান। | |

স্থান—
তারিখ—২৮-৫-১৯৭৫।

মুহম্মদ ইউনুস,
রিটানিং অফিসার।

---

## অর্থ মন্ত্রণালয়

### জাতীয় রাজস্ব বোর্ড

### আয়কর

### প্রজ্ঞাপন

ঢাকা, ১২ই জুন ১৯৭৫।

**নং এস, আর, ও, ১৯২-এল/৭৫**—আয়কর আইন, ১৯২২ (১৯২২ এর XI)-এর ধারা ১৫ডি'র উপ-ধারা (৫)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড লায়ন্স ইন্টারনেশান্যাল ফাউণ্ডেশান (বাংলাদেশ) ঢাকা-কে উক্ত ধারায় বর্ণিত উদ্দেশ্যের জন্য নিম্ন উল্লেখিত সর্তস্বাপেক্ষে একটি প্রতিষ্ঠান হিসাবে অনুমোদন দান করিল ঃ

(ক) প্রতি বৎসর প্রতিষ্ঠান/সংস্থার হিসাব একজন চার্টার্ড একাউনটেন্ট দ্বারা পূর্ণভাবে নিরীক্ষা করিতে হইবে এবং উক্ত নিরীক্ষাকৃত হিসাব সেই আয়কর অফিসারের নিকট দাখিল করিতে হইবে যাঁহার অধীনস্থ এলাকায় উক্ত প্রতিষ্ঠান/সংস্থার প্রধান কার্যালয় অবস্থিত;

(খ) প্রতিষ্ঠান/সংস্থা এমন কোনও দাতব্য প্রতিষ্ঠান বা তহবিলে কোনরূপ দান বা অর্থ মঞ্জুরী করিবে না যে প্রতিষ্ঠান বা তহবিল আয়কর আইনের ধারা ১৫ডি'র উপ-ধারা (৫)-এর অধীনে অনুমোদন প্রাপ্ত নহে; এবং

(গ) যদি কখনও বর্তমান প্রতিষ্ঠান/সংস্থার বিলুপ্তি ঘটে তবে বিলুপ্তির সময় প্রতিষ্ঠান/সংস্থার ধার-দেনার চাইতে বেশী যদি কোন সম্পত্তি বা সম্পদ থাকে, তাহা এমন কোন প্রতিষ্ঠান বা তহবিলে হস্তান্তর করিতে হইবে যাহা ১৯২২ সালের আয়কর আইনের ধারা ১৫ডি'র উপ-ধারা (৫)-এর অধীনে অনুমোদনপ্রাপ্ত।

জাহেদ-উর-রহমান
দ্বিতীয় সচিব।

---

শিল্প মন্ত্রণালয়

রাষ্ট্রায়ত্ত শিল্প বিভাগ

বিজ্ঞপ্তি

ঢাকা, ১০ই জুন ১৯৭৫।

নং এস আর ও ১৯৩-এল/৭৫/এন আই ডি/এস-২/বিএফসিপিসি-২৮/৭৫-৩৪৯৮— বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ (জাতীয়করণ) আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ২৭/৭২)-এর ১০(১) অনুচ্ছেদে বর্ণিত ক্ষমতাবলে সরকার এতদ্দারা বেঙ্গল গ্লাস ওয়ার্কস লিমিটেড, ডেমরা, ঢাকা এই প্রতিষ্ঠানটিকে বাংলাদেশ ফার্টিলাইজার, কেমিক্যাল এন্ড ফার্মাসিউটিকাল কর্পোরেশনের (বাংলাদেশ সার, রসায়ন ও ভেষজ শিল্প সংস্থার) অধীনে ন্যস্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নজির আহমদ
উপ-সচিব।

---

আইন, সংসদ বিষয়াবলী ও বিচার মন্ত্রণালয়

বিচার বিভাগ

৪নং শাখা।

সংশোধনী

ঢাকা, ১২ই জুন ১৯৭৫।

নং ৬৯৯-বিচার ৪/১এইচ-১/৭৫—১৯৭৫ সালের ১০ই জুন তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যার ১২২১ পৃষ্ঠায় প্রকাশিত অত্র মন্ত্রণালয়ের ১৯৭৫ সালের ১০ই জুন তারিখের নং ৬৮২-বিচার ৪/১এইচ-১/৭৫, বিজ্ঞপ্তিতে "ক্ষমতাবলে" শব্দের পর "রাষ্ট্রপতি" শব্দটি পড়িতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহম্মদ হাবীবুর রহমান
সচিব।

---

স্পেশাল অফিসার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
এসিসটেন্ট কন্ট্রোলার-ইন-চার্জ, বাংলাদেশ ফরমস্ এন্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা, কর্তৃক প্রকাশিত।